চুয়াডাঙ্গায় নগদ টাকাসহ প্রায় ২৮ লক্ষাধিক টাকার মোবাইল চুরি

চুয়াডাঙ্গা শহরের নাফি টেলিকম নামে একটি মোবাইল ফোনের দোকানে দুর্ধর্ষ চুরির ঘটনা ঘটেছে। এ ঘটনায় নগদ টাকা ও নতুন মোবাইলফোন সহ প্রায় ২৮ লক্ষাধিক টাকা চুরি গেছে বলে দাবি দোকান মালিকের।

আজ রবিবার সকাল সাড়ে ৭টার দিকে এ চুরির ঘটনা ঘটে। খবর পেয়ে পুলিশের একাধিক ইউনিট ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

পুলিশ জানায়, রবিবার সকাল সাড়ে ৭টার দিকে চোরচক্রের সদস্যরা শহরের শহীদ আবুল কাশেম সড়কের নাফি টেলিকমের তালা ভেঙে দোকানে প্রবেশ করে। সিসিটিভি ক্যামেরার বাইরের সংযোগ বিচ্ছিন্ন করে নগদ ৭ লাখ টাকাসহ বেশ কয়েকটি নতুন মোবাইলফোন চুরি করে নিয়ে যায়। পরে দোকান থেকে বেড়িয়ে তারা সার্টারে আবার নতুন তালা লাগিয়ে সটকে পড়ে। এতে প্রায় ২৮ লাখ টাকার মালামাল চুরি হয়ে গেছে বলে দাবি করেছে দোকান মালিক।

নাফি টেলিকমের সত্বাধিকারী মাইনুল হাসান রিপন জানান, তালা কেটে চুরির পর দোকানে আবার নতুন তালা লাগিয়ে চলে যায়। পরে দোকান খুলতে গিয়ে খুলতে না পেরে পুলিশকে খবর দেয়া হয়। পুলিশ আবার তালা ভেঙে দোকানে ঢুকে সবকিছু তছনছ অবস্থায় দেখতে পায়।

চুয়াডাঙ্গা সদর থানার ওসি খালিদ হোসেন জানান, এ ঘটনায় মামলা দায়েরের প্রস্তুতি চলছে। সিসিটিভি ক্যামেরার ফুটেজ পর্যালোচনা করে চোর শনাক্তে পুলিশের একাধিক দল কাজ করছে।